সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
ডাইরী নং ২০৪০ তারিখ ২০/১২/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর ভবন
রামপুরা, ঢাকা-১২১৯
www.btv.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সোহরাব হোসেন<br>মহাপরিচালক |
| তারিখ | : | ১৫.১২.২০২২ খ্রি: |
| সময় | : | সকাল ০৯:৩০ ঘটিকা |
| স্থান | : | সদর দপ্তর ভবনের সভাকক্ষ |
| সভায় উপস্থিত প্রতিনিধি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, আমরা ডিজিটাল বাংলাদেশের সুবিধা উপভোগ করছি। এ লক্ষ্য অর্জনে সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠায় সর্বক্ষেত্রেই স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে দাপ্তরিক কার্যক্রম সম্পাদনসহ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) অনুযায়ী দাপ্তরিক কর্মে শুদ্ধাচার প্রতিষ্ঠিত করতে হবে। তিনি আরো বলেন, সরকারি দপ্তরের প্রতিশ্রুত সেবা, সেবা প্রদান পদ্ধতি এবং সেবা ও পণ্যের মান সম্পর্কে নাগরিকের অসন্তুষ্টি বা সংক্ষুব্ধতা থেকে সাধারণত: অভিযোগের উৎপত্তি হয়। এ ক্ষোভ যুক্তিসঙ্গত বা বাস্তবানুগ হোক বা না হোক, প্রতিকার চাওয়া বা বক্তব্য প্রদানের একটি কার্যকর ক্ষেত্র বা প্ল্যাটফর্ম থাকলে তাঁদের অসন্তোষ বা ক্ষোভ প্রশমনের সুযোগ হয়। নাগরিকগণের মতামত গ্রহণ এবং অভিযোগসমূহ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সঙ্গে নিষ্পত্তি এবং সংরক্ষণের কার্যকর পদ্ধতি অনুসরণের জন্য বর্তমানে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত-২০১৮) প্রণীত হয়েছে। প্রণীত নির্দেশিকায় স্বচ্ছতা ও জবাবদিহির সঙ্গে সেবা প্রদানে সরকারি কর্মকর্তাগণকে অনুপ্রাণীত করার মাধ্যমে জনবান্ধব প্রশাসন গড়ার লক্ষ্যে বিভিন্ন দিক নির্দেশনা রয়েছে। সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সরকার তথ্য অধিকার আইন ২০০৯ প্রণয়ন করেন। এই আইনের আওতায় সেবা গ্রহণকারী নাগরিক আইনে নির্ধারিত তথ্যের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর আবেদন করতে পারেন। তথ্যটি আইন অনুযায়ী প্রদানযোগ্য হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান অথবা অপারগতা জানাতে বাধ্য।

০২। সভায় বিটিভি চট্টগ্রাম কেন্দ্রের জেনারেল ম্যানেজারসহ ০৩ জন শিল্পী, ১৪টি উপকেন্দ্রের উপকেন্দ্র প্রধান এবং ১৪ জন জেলা সংবাদ প্রতিনিধি জুম অ্যাপ-এ সংযুক্ত ছিলেন। সভাকক্ষে উপস্থিত মেসার্স কনফিডেন্স এর প্রধান নির্বাহী জনাব তাপস সরকার, এ্যাড সার্ভের প্রতিনিধি মো: আলাউদ্দিন খান, সিঙ্গার (বিডি) লি: এর প্রতিনিধি জনাব মো: জসীম উদ্দিন এবং সোনারগাঁও হোটেল এর প্রতিনিধি জনাব তপন চন্দ্র দাস সেবা প্রাপ্তির বিষয়ে তাদের মতামত ব্যক্ত করেন।

০৩। জুম অ্যাপ-এ চট্টগ্রাম কেন্দ্রের শিল্পীগণ তাদের বক্তব্যে বলেন যে, তথ্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি, চট্টগ্রাম অঞ্চলের আঞ্চলিক সংস্কৃতি তুলে ধরে নাটক/অনুষ্ঠান প্রচার এবং বিটিভি ঢাকা কেন্দ্রের ন্যায় চট্টগ্রাম কেন্দ্রেও শিল্পী সম্মানী সমন্বয় করে ক্যাটাগরি অনুযায়ী শিল্পী তালিকাভুক্তি করা প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করেন। জেলা সংবাদ প্রতিনিধিগণ তাদের ব্যক্তব্যে জানান যে, তথ্য প্রযুক্তির সুবিধার কারণে সেবা প্রাপ্তি ও সেবা গ্রহণের ক্ষেত্রে প্রত্যন্ত অঞ্চলের সংস্কৃতি, শিক্ষা, চিকিৎসা, অবকাঠামোগত উন্নয়নসহ কৃষি সফলতার চিত্র তুলে ধরে দ্রুততম সময়ের মধ্যে সংবাদে প্রচার করা সম্ভব হচ্ছে। মেসার্স কনফিডেন্স এর প্রধান নির্বাহী জনাব তাপস সরকার বলেন, বিজ্ঞাপন রেট কমানো প্রয়োজন। তিনি আরো বলেন বর্তমানে নাটকে মা-বাবার কোনো অভিনয় থাকে না। সুস্থ্য সমাজ গঠনে নাটকে মা-বাবার চরিত্র থাকা প্রয়োজন। নাটকে বিটিভির তালিকাভুক্ত শিল্পীর অংশগ্রহণ নিশ্চিত করা প্রয়োজন। এ্যাড সার্ভের প্রতিনিধি মো: আলাউদ্দিন খান বলেন, Fix point chart বিজ্ঞাপন এজেন্সীকে সরবরাহ, অনুষ্ঠানের প্রমোশনাল বেশিকরে প্রচার, বিজ্ঞাপন বুকিং সহজ করা, এজেন্সী নবায়ন ফি কমানো এবং ই-মেইল এ বিজ্ঞাপন এজেন্সীর সাথে যোগাযোগ বৃদ্ধি করলে বিটিভিতে বিজ্ঞাপন আরো বাড়বে। এছাড়াও, সরকারি বিজ্ঞাপন প্রচারে একটি নীতিমালা থাকা আবশ্যক, যাতে করে ব্যাংকসহ বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানগুলোর ৫০% সরকারি বিজ্ঞাপন বিটিভি-কে প্রদান করে। সিঙ্গার (বিডি) লি: এর প্রতিনিধি জনাব মো: জসীম উদ্দিন বলেন, বাণিজ্যিক টিভি লাইসেন্স প্রদানের ক্ষেত্রে যোগাযোগ কম থাকায় বিটিভি রাজস্ব হারাচ্ছে। এ ক্ষেত্রে ই-মেইল এর মাধ্যমে যোগাযোগ বৃদ্ধি করা প্রয়োজন। তাছাড়া, গ্রাহক টিভি সেটের লাইসেন্স এর বিষয়ে একটি গাইড লাইন থাকা আবশ্যক।

০৪। সভাপতি বলেন, NBR-এর সাথে আলোচনা করে টিভি সেট নিবন্ধনপূর্বক টিভি লাইসেন্স এবং হোটেল-মোটেলকে টিভি লাইসেন্স এর আওতায় কিভাবে আনা যায় তার পদক্ষেপ নিতে হবে। পর্যটন এলাকায় হোটেল সমিতির সাথে জুম অ্যাপ-এ সভা আয়োজনের উদ্যোগ গ্রহণসহ কক্সবাজারের হোটেল-মোটেলে ব্যবহৃত টিভি লাইসেন্সের বিষয়ে জেলা প্রশাসকের সাথে সভা করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক স্মার্ট বাংলাদেশ বিষয়ে অনুষ্ঠান নির্মাণ করা প্রয়োজন।

০৪। অত:পর বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক স্মার্ট বাংলাদেশ বিষয়ে জেনারেল ম্যানেজার, ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্র অনুষ্ঠান নির্মাণের উদ্যোগ গ্রহণ করবেন;

চলমান পাতা-০২

খ) কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার NBR-এর সাথে আলোচনা করে টিভি সেট নিবন্ধনপূর্বক টিভি লাইসেন্স এবং হোটেল-মোটেলকে টিভি লাইসেন্স এর আওতায় কিভাবে আনা যায় তার পদক্ষেপ গ্রহণ করবেন;

গ) কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার পর্যটন এলাকায় হোটেল সমিতির সাথে জুম অ্যাপ-এ সভা আয়োজন করবেন। একইসাথে কক্সবাজারের বিভিন্ন হোটেল-মোটেলে ব্যবহৃত টিভি লাইসেন্সের বিষয়ে জেলা প্রশাসক, কক্সবাজারের সাথে সভা করবেন; এবং

ঘ) পরিচালক (বিজ্ঞাপন) দৈনিক অনুষ্ঠানসূচী বিজ্ঞাপন এজেন্সীকে সরবরাহ করবেন। একইসাথে অনুষ্ঠানের প্রমোশনাল প্রচার নিশ্চিত করবেন। সরকারি বিজ্ঞাপনসমূহ বিটিভিতে আবশ্যিকভাবে প্রচারের জন্য গাইড লাইন প্রণয়নের উদ্যোগ গ্রহণ করবেন।

০৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯.১২.২০২২

সোহরাব হোসেন
মহাপরিচালক
ফোন: ৫৫১৩২২২২ (অফিস)
E-mail: dg@btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.২২.০৫.১৯২.২২. ২৯৭১

তারিখ: ১২ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। উপমহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৩। পরিচালক...................................(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৪। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা **(কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৬। কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৭। অতিরিক্ত পরিচালক (প্রশাসন), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৮। সহকারী পরিচালক (প্রশাসন-১/২/৪), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৯। উপকেন্দ্র প্রধান........................................(সকল), বাংলাদেশ টেলিভিশন।
১০। কার্যালয় নথি।

২৯.১২.২০২২

(মো: নাজিম উদ্দিন)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫১৩১৯৪০ (অফিস)

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
| | |
|---|---|
| সিস্টেম এনালিস্ট | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| প্রোগ্রামার-১ | ☐ উপস্থাপন করুন |
| প্রোগ্রামার-২ | ☐ কথা বলুন |
| পিএ | ☐ ভাগিল দিন |

সিনিয়র সিস্টেম এনালিস্ট